মেহেরপুর শহরের বেশি দামে লবণ বিক্রি করায় ৫ হাজার টাকা জরিমানা

গুজবে কান দিয়ে মেহেরপুর শহরের বেশি দামে লবণ বিক্রি করার দায়ে এক ব্যবসায়ীর নিকট থেকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যার পর মেহেরপুর শহরের গরুর হাট এলাকায় ভ্রাম্যমাণ আদালত বসিয়ে রানা স্টোরের মালিক আব্দুস সালাম এর নিকট থেকে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃমাসুদুল আলম এর নেতৃত্বে শহরের গরুর হাট এলাকায় অভিযান চালানো হয়। এ সময় সেখানে ৬০ টাকা কেজি লবণ বিক্রি করার দায়ে রানা স্টোরের মালিক আব্দুস সালাম নিকট থেকে ৫ হাজার টাকা জরিমানা আদায় করেন।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীতে লবণ সংকটের গুজবে লবণ উধাও, বেশি দামে বিক্রয়ের দায়ে ব্যবসায়ীর জরিমানা

সারাদেশের মতো মেহেরপুরের গাংনীতেও লবণ সংকটের গুজব তুলে খুচরা দোকান থেকে লবণ উধাও হওয়ার খবর ছড়িয়ে পড়ে।

মঙ্গলবার বিকেল থেকে এ খবর ছড়িয়ে পড়লে গাংনী বাজার সহ উপজেলার প্রত্যন্ত গ্রামের দোকান গুলোতেও লবণের দাম বাড়িয়ে অসাধু ব্যবসায়ীরা সাধারণ ভোক্তাদের কাছ থেকে অতিরিক্ত অর্থ হাতিয়ে নেয়।

খবর পেয়ে গাংনী উপজেলার প্রশাসন ও পুলিশের কর্মকর্তারা লবণ সংকটের গুজর ঠেকাতে বাজার মনিটরিং করা শুরু করে। এসময় তারা বেশি দামে লবণ বিক্রয় না করতে কঠোরভাবে সতর্ক করেন।

এদিকে লবণ সংকটের গুজবকে কাজে লাগিয়ে উপজেলার মানিকদিয়া গ্রামের এক অসাধু ব্যবসায়ীকে ভ্রাম্যমান আদালতে অর্থদন্ড করা হয়।

দন্ডিত ব্যবসায়ী উপজেলার কেশবনগর গ্রামের হাজি দিদার আলির ছেলে মজিবর রহমান। ৩৫ টাকার লবন ৬৫ টাকায় বিক্রয় করায় তাকে ৫ হাজার টাকা জারিমানা করেন ভ্রাম্যমান আদালতের বিচারক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

এছাড়াও গাংনী থেকে লবন পাচারকালে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার আসমানখালি গ্রামের মোঃ মতিয়ার রহমানের ছেলে রাশেদুজ্জামান কে আটক করেছে গাংনী থানা পুলিশ।

এর আগে লবণ সংকটের গুজব ছড়িয়ে পড়ায় বাজার মনিটরিং শুরু করেন প্রশাসনের কর্মকর্তারা। তারা সাধারণ ভোক্তা ও জনগণকে গুজবে কান না দিয়ে স্বাভাবিক দামে লবণ ক্রয় করার পরামর্শ দেন সাথে সাথে যদি কোন ব্যবসায়ী যদি অতিরিক্ত দামে লবণ বিক্রয় করে তাহলে সেই ব্যবসায়ীকে সর্বচ্চো শাস্তি প্রয়োগ করা হবে বলে সতর্ক করেন।

- গাংনী প্রতিনিধি

দর্শনায় লবনের দাম বৃদ্ধি নিয়ে গুজব

দামুড়হুদা ইউএনও তড়িৎ পদক্ষেপ দর্শনাপ্রতিবেদকঃ চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার দর্শনায় বিভিন্ন খুচরা ও পাইকারি বাজারে মঙ্গলবার সন্ধ্যায় লবণের দাম বৃদ্ধি পেয়েছে এমন ‘গুজব’ ছড়িয়ে পড়লে দর্শনার বিভিন্ন স্থানে অভিযান চালানো হয়েছে।

দামুড়হুদা থানার তদন্ত ওসি মো. জাহাঙ্গীর আলমের সাথে নিয়ে বিভিন্ন খুচরা ও পাইকারি বাজারে গিয়ে অধিক মূল্যে লবণ বিক্রি না

করার জন্য ব্যবসায়ীদের সতর্ক করেন দামুড়হুদা ইউএনও।

জানা গেছে,দামুড়হুদা উপজেলার দর্শনায় পিঁয়াজের দর একটু নিয়ন্ত্রণে আসতে না আসতেই লবণের দাম নিয়ে চলছে ব্যবসায়ীদের তেলেসমাতি। লবণের দাম বেড়েছে খবর শুনে বিভিন্ন দোকানে ক্রেতারা সর্বনিম্ন ৫ কেজি থেকে সর্বোচ্চ ২০ কেজি করে লবণ ক্রয় করছেন।

এরই প্রেক্ষিতে দর্শনা রেলবাজার দোকান মালিক সমতির পক্ষ থেকে বাজারে মাইকিং করে লবণের দাম বৃদ্ধির বিষয়টি ‘গুজব’ বলে জনগণকে সচেতন করছে।

এর পরেও দর্শনা রেলবাজার সহ বাসস্ট্যান্ডে কিছু দোকানে অধিক মূল্যে লবণ বিক্রি হচ্ছে অভিযোগের প্রেক্ষিতে দামুড়হুদা ইউএনও এস এম মুনিম লিংকন তড়িৎ গতিতে দর্শনা বাজার পরিদর্শন।

করেন এবং ব্যবসায়ীকে অতিরিক্ত লবণ বিক্রি করতে সতর্ক ও জনগণকে লবণের দাম বাড়বে না বলে সান্ত্বনা দেন।যদি কেউ এমন গুজব ছড়ানোর অপচেষ্টা করে, তবে তাকে আইনের আওতায় আনা হবে।

তিনি আরও বলেন, ‘এ ধরণের গুজব বন্ধে প্রশাসন, সাংবাদিক ও সুশীলসমাজের লোকজনকে এগিয়ে আসতে হবে।

- দর্শনা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় নবান্ন উৎসব

সকালে খেজুর রসের মিস্টি স্বাদ, ঢেকিতে ভানা চালের গুড়ার পিঠাপুলি, গ্রামীন জীবনের নান্দনিক সৌন্দর্য লাঠিখেলার অনবদ্য উপস্থাপনা আর কৃষিভিত্তিক লোকজ উৎসবের মধ্য দিয়ে চুয়াডাঙ্গায় নবান্ন উৎসব পালন করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে সাতটায় সদর উপজেলার নেহালপুর মাঠে এ উৎসবের আয়োজন করা হয়। উৎসব এলাকায় গ্রামবাসীদের ঢল নামে। চুয়াডাঙ্গা জেলা প্রশাসন নবান্ন উৎসবের আয়োজন করে।

নবান্ন উৎসবে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম সরকার। প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা-০২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগর। বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক মনিরা পারভীন, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আলী হাসান।

পুরো আয়োজনের মধ্যে ছিল গ্রামবাংলার গান পরিবেশন, ঝাপান খেলা, লাঠি খেলা, ঢেকিতে ধান ভানা ও পিঠাপুলির প্রদর্শন। আগতরা এসব ঘুরে ঘুরে দেখেন। এসময় মঞ্চে পরিবেশিত হয় গ্রামবাংলার গান। এলাকার গ্রামবাসিরা তা উপভোগ করেন।

উৎসব প্রসঙ্গে বক্তারা বলেন, গ্রাম বাংলার এ ঐতিহ্য ধরে রাখার জন্যই এই আয়োজন।

আয়োজনকে ঘিরে এলাকার মানুষের মধ্যে ছিল উৎসবের আমেজ। গ্রামের যুবকদের মাথায় মাথাল, গ্রামের মেয়েরা হলুদ শাড়ি পড়ে উৎসবে এসে অংশ নেয়। দুপুরের আগেই শেষ হয় এ উৎসব। কয়েক ঘন্টার উৎসবে মাতোয়ারা ছিল গ্রামের মানুষেরা।

কেউ লাঠি খেলা দেখতে ব্যস্ত। কেউ বা সাপের ঝাপান খেলার কাছে। কেউ আবার ঢেকিতে ধান ভানা দেখতে ব্যস্ত। এভাবেই শেষ হয় চুয়াডাঙ্গার নেহালপুর মাঠের নবান্ন উৎসব।

হরিণাকুন্ডুতে প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষর্থীদের মাঝে স্কুল ড্রেস বিতরণ
হরিনাকুন্ডু প্রতিনিধি:

‘ ‘আমরা আছি আমাদের নীড়ে, উদ্ভাসিত আলোয় হবো, হারাতে চাইনা অচেনা ভীড়ে” এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাইদহের হরিণাকুনন্পু শিল্পী আবিদ সৃতি প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষর্থীদের মাঝে স্কুল ড্রেস বিতারণ অনুষ্ঠান পালিত হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিতি হিসাবে উপস্থিত ছিলেন,অধ্যক্ষ জনাব আতিয়ার রহমান, সরকারী লালণ শাহ কলেজ হরিণাকুন্ডু বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,ফায়ার সার্ভিস স্টেশন অফিসার জনাব বিপুল হোসেন, অধ্যক্ষ শরিফুল ইসলাম,ফারুক হোসেন,ম্যানেজার জনতা ব্যাংক ভবানীপুর শাখা,প্রেস ক্লাব সহ-সভাপ্রতি ও আনন্দ টিভি প্রতিনিধি জাফিরুল ইসলাম,মাহবুব মৌশেদ শাহিন, অনলাইন নিউজ পোর্টাল অন্যদৃষ্টি বার্তা সম্পাদক এম. শহিদুল ইসলাম টুকু মাহবুবুর রহমান প্রেস ক্লাবের প্রচার বিষয় সম্পাদক সোহরাব

হোসেন
অনুষ্ঠানটি জনাব বিশ্বনাথ সাধুখার পরিচালনায় সভাপত্বিত করেন,এ্যাডঃ খোদাবক্স মৃধা।

আলোচনা সভায় প্রতিষ্ঠান প্রধান ও বক্তরা সমাজের দানশীল সহৃদয়বান ব্যাক্তিদের মাঝে সহযোগিতা বাড়ানোর ব্যাপারে এবং প্রতিবন্ধী শিশুদের ব্যাপারে অধিক গুরুত্ব সহকারে খেয়াল রাখতে বলেন।

চুয়াডাঙ্গায় দ্বিতীয় দিনের মতো বাস মিনিবাস ও দূরপাল্লার যানবাহন চলাচল বন্ধ
চুয়াডাঙ্গা প্রতিনিধি ;

চুয়াডাঙ্গা জেলায় দ্বিতীয় দিনের অঘোষিতভাবে বাস মিনিবাস ও দূরপাল্লার যাত্রীবাহী যানবাহন চলাচল বন্ধ হয়ে রয়েছে। কোনো ঘোষণা ছাড়াই শ্রমিকরা সোমবার এসব যানবাহন চলাচল বন্ধ করে দেয়। এতে দূর্ভোগে পড়তে হচ্ছে যাত্রীদের। মঙ্গলবারও বাস মিনিবাস ও দূরপাল্লার যাত্রীবাহী যানবাহন চলাচল করতে দেখা যায়নি।

চুয়াডাঙ্গা জেলা বাস ট্রাক সড়ক পরিবহণ শ্রমিক ইউনিয়নের সভাপতি এম জেনালের ইসলাম জানান, সংগঠন থেকে কোনো ঘোষণা নেই। পাশের জেলাগুলোতে বাস চলাচল বন্ধ হয়ে যাওয়ার পর চুয়াডাঙ্গার শ্রমিকরাও কর্মবিরতি শুরু করেছে।

চুয়াডাঙ্গার দৌলাতদিয়াড় গ্রামের বাস শ্রমিক ইকবাল হোসেন বলেন, নতুন পরিবহন আইন শ্রমিকদের জন্য অনেক কঠিন। আইনের বিষয়ে শ্রমিকদের সাথে আলোচনা করে চুড়ান্ত সিদ্ধান্ত নিতে হবে। নতুন আইনের শ্রমিকদের অসুবিধার জন্যই আমরা যানবাহন চলানো বন্ধ রেখেছি।

- জামান আখতার, চুয়াডাঙ্গা

মেহেরপুরে মাংস ব্যবসায়ীদের

সাথে মত বিনিময়

মেহেরপুরে নতুন পিল খানা উদ্বোধনের লক্ষ্যে মাংস ব্যবসায়ীদের সাথে মত বিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধায় পৌর সম্মেলন কক্ষে এ সভার আয়োজন করা হয়। সভায় সভাপতিত্ব করেন পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন।

এসময় উপস্থিত ছিলেন, পেনেল মেয়র শাহিনুর রহমান, পৌরসভার সচিব, কাউন্সিলর আল মামুন, ইভান, উপসহকারি ইঞ্জিনিয়ার, সেনেটারি পরিদর্শক সহ পৌর মাংস ব্যবসায়ীরা।

- নিজস্ব প্রতিনিধি

বাগোয়ান ইউনিয়নের আয়োজনে শিক্ষাত্রীদের মাঝে বাইসাইকেল ও স্যানটারী ন্যাপকিন বিতরণ

মুজিবনগর বাগোয়ান ইউনিয়নের আয়োজনে এলজি এসপি-৩ প্রকল্পের আওতায় শিক্ষাত্রীদের মাঝে বাই সাকেল ও স্যানটারী ন্যাপকিন ও কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরন করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১১ টায় মুজিবনগর বাগোয়ান ইউনিয়ন পরিষদ মিলনাআয়তনে বাগোয়ান ইউনিয়নের চেয়ারম্যান আয়ুব হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে মেধাবী শির্ক্ষ্থীদের মাঝে বাই সাইকেল,স্যানটারী ন্যাপকিন,কুইজ প্রতিযোগিতার বিজয়ীদের মাঝে পুরুষ্কার বিতরন করেন উপপরিচালকন ভারপ্রাপ্ত স্থানীয় সরকার তৌফিকুর রহমান।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান জিয়াউদ্দীন বিশ্বাস, উপজেলা নির্বাহী অফিসার উসমান গনী, এস এমসির ডিরেক্টর আনোয়ারুল ইসলাম ও ইউনিয়ন পরিষদের নকল সদস্য, সদস্যা সহ শিক্ষক,

শিক্ষার্থী ও স্থানীয় গন্যমান্য ব্যাক্তিবর্গ উপস্থিত ছিলেন।

প্রধান অতিথি পরে ৩০ জন মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাই সাইকেল, ১৫ শ স্যানটারী ন্যাপকিন ও কুইজ প্রতিযোগিতার বিজয়দের মাঝে পুরষ্কার বিতরন করেন।

- মুজিবনগর অফিস

মেহেরপুরে চলছে দ্বিতীয় দিনের মত বাস ধর্মঘট

সড়ক ও পরিবহণ আইন ২০১৯ পরিবর্তনের দাবীতে মেহেরপুরে দ্বিতীয় দিনের মত ধর্মঘট চলছে। সোমবার দুপুর থেকে তারা হঠাৎ বাস চলাচল বন্ধ করে দেন।

তবে জেলার বিভিন্ন সড়কে আলগামন, নসিমন, করিমন ও বিদ্যুৎচালিত অটোবাইকসহ ছোট খাটো যানবাহন চলছে। আকস্মিক এ সিদ্ধান্তে জেলার মানুষ জন চরম ভোগান্তিতে পড়েছে।

বিশেষ করে স্কুল কলেজের ছাত্র ছাত্রী ও চাকুরীজিবি লোকজন বেশী ভোগান্তিতে পড়েছে। মেহেরপুর জেলা মটরশ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মতিয়ার রহমান জানান, নতুন আইনে বড় ধরনের জেল ও জরিমানার বিধান রাখা হয়েছে।

এতে চালকেরা সড়কে বাস চালাতে অনিহা প্রকাশ করেছেন। ফলে মেহেরপুর-কুষ্টিয়া, মেহেরপুর-চুয়াডাঙ্গা, মেহেরপুর-মুজিবনগর সড়কসহ জেলার সব রুটে বাস চলাচল বন্ধ করে দেন।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ১২ জন গ্রেফতার

পুলিশের নিয়মিত অভিযানে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ১২ জন গ্রেফতার হয়েছেন। গ্রেফতারকৃতদের মধ্যে জিআর মামলায় ৪ জন, সিআর মামলায় ১ জন ও নিয়মিত মামলায় ৭ জন আসামী রয়েছে।

সোমবার দিবাগত রাত থেকে মঙ্গলবার ভোররাত পর্যন্ত জেলার সদর, গাংনী ও মুজিবনগর থানা পুলিশের একাধিক টীম বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এদের গ্রেফতার করেন। এসময় ৩০ বোতল ফেনসিডিল ও ৮০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়েছে। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন।

অতিরিক্ত পুলিশ সুপার শেখ জাহিদুল ইসলাম জানান, গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করার প্রস্তুতি চলছে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে লবনে লঙ্কাকান্ড

মেহেরপুরে লবন নিয়ে এক প্রকার লঙ্কাকান্ড ঘটে গেছে। মঙ্গলবার সকাল থেকেই লবনের দাম বেশি হবে বলে গুজব সৃষ্টি হয়েছে সাধারণ মানুষের মধ্যে।

এই গুজবে মেহেরপুরে বেশ কিছু মানুষ আগে থেকে কম দাম পাওয়ার আশায় লবন কিনতে ভিড় জমাচ্ছে দোকান গুলোতে।

এই সুযোগে কিছু কিছু দোকানদার লবনের আগের মূল্যের চেয়ে বেশি দাম নিলেও ক্রেতারা কেনার জন্য হুমড়ি খেয়ে পড়ছে।

সন্ধার পর সরেজমিনে গিয়ে দেখা যায় মেহেরপুর, গাংনীর প্রতিটি দোকানে একই চিত্র। বড় বড় ব্যাগ হাতে লাইনে দাড়িয়ে থাকতে দেখা যায় অনেক ক্রেতাকেই।

তবে লবন গুজবটি শহরের তুলনায় গ্রাম অঞ্চলে বেশি ছড়িয়েছে। গ্রামে লবন না পেয়ে অনেক লোক শহরে চলে আসে লবন কিনতে।

বারাকপুর গ্রামের স্বপন বলেন, পিয়াজের মত লবনেরও দাম বেশি হবে বলে শুনলাম। গ্রামের দোকানগুলোতে লবন শেষ তাই শহরে আসলাম কিনতে। কোথাই থেকে শুনলেন লবনের দাম বেশি হবে এমন প্রশ্নে জবাবে তিনি বলেন, গ্রামের অনেকেই বলাবলি করছে।
মেহেরপুর হোটেল বাজারের কয়েকজন ব্যবসায়ী জানান, সকাল থেকেই লবন বিক্রি বেড়ে গেছে আমাদের দোকানে। লবনের দাম বেশি হয়ে যাবে বলে হটাৎ করেই লবন কেনার হিড়িক লেগে গেছে।

তবে হটাৎ করেই লবন গুজবে ফায়দা লুটেছে মেহেরপুরের বেশ কিছু ব্যবসায়ীরা। লবনের মূল্য ছাড়াও প্যাকেট প্রতি ১০-১৫ টাকা বেশি নিয়েছে ক্রেতাদের কাছে থেকে।
এদিকে লবন গুজবে কান না মেহেরপুর জেলা প্রশাসন থেকে আহবান জানানো হলেও খুব একটা কাজ হয়নি। সন্ধার পরে জেলা প্রশাসক আতাউল গনি, উপজেলা নির্বাহী অফিসার মাসুদুল আলম সহ বেশ কয়েকজন প্রশাসনের লোক পৃথক পৃথক ভাবে বাজার তদারকিতে নামলে পরিস্থিতি স্বাভাবিক হয়।

সেই সাথে জেলা তথ্য অফিস থেকে লবন গুজবে কান না দিতে রাতেই মাইকিং করা হয়।
মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনি বলেন, এক প্রকার অসাধু লোক দেশে অস্থিতিকর পরিবেশ সৃষ্টি করার লক্ষে বিভিন্ন ধরনের গুজব ছড়াচ্ছে। দেশে পর্যাপ্ত পরিমান লবন মজুদ আছে। লবন নিয়ে যারা গুজব ছড়াবে এবং যেসব দোকানদাররা লবনের দাম বেশি নিবে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

- নিজস্ব প্রতিনিধি

মেহেরপুর জেলা যুবলীগের

শুভাশীষ নবযাত্রা

আগামী ২৩ তারিখে যুবলীগের জাতীয় কংগ্রেসকে সফল করতে শুভাশীষ নবযাত্রা করেছে মেহেরপুর জেলা যুবলীগ।

জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন ও যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান এর নেতৃত্বে মঙ্গলবার বিকালে মেহেরপুর কোর্টমোড় থেকে নবযাত্রাটি শুরু হয়ে মেহেরপুর পৌর কমিউনিটি সেন্টারে গিয়ে শেষ।

পরে সেখানে সংক্ষিপ্ত আকারে আলোচনা সভা করা হয়। সভায় বক্তব্য দেন শহর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আক্কাস আলী, গাংনী পৌর মেয়র আশরাফুল ইসলাম, জেলা আওয়ামীলীগের সাবেক প্রচার সম্পাদক আব্দুল মান্নান, উপজেলা পরিষদের চেয়াম্যান ও শহর আওয়ামীলীগের সভাপতি অ্যাড.ইয়ারুল ইসলাম, সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান অ্যাড.মিয়াজান আলী, জেলা পরিষদের চেয়ারম্যান গোলাম রসুল, জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন।

সংক্ষিপ্ত বক্তব্যের সঞ্চালনা করেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান।

এসময় উপস্থিত ছিলেন, কুতুবপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি সাইফুল ইসলাম, সম্পাদক মন্টু, আমদাহ ইউনয়ন যুবলীগের সভাপতি শহিদুজ্জামান সুইট, সরকারি কলেজ ছাত্রলীগের সাবেক সম্পাদক মাসুদ রানা, সাবেক জেলা ছাত্রলীগের সম্পাদক জুয়েল রানা সহ মেহেরপুর সকল ইউনিয়ন যুবলীগের সভাপতি-সম্পাদক ও যুবলীগের নেতাকর্মিরা।

- নিজস্ব প্রতিনিধি